

দাখিল পরীক্ষার নতুন সময়সূচি

বাসস

১৬ মার্চ, ২০২৫ ১৮:২৯

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

দাখিল পরীক্ষার নতুন সময়সূচি প্রকাশ করা হয়েছে। নতুন সময়সূচি অনুযায়ী, ১০ এপ্রিল পরীক্ষা শুরু হয়ে ১৩ মে শেষ হবে এ বছরের দাখিল পরীক্ষা।

তবে ১৩ এপ্রিলের আরবি প্রথমপত্র পরীক্ষা ১৩ মে অনুষ্ঠিত হবে। আর ব্যবহারিক পরীক্ষা যথারীতি আগের সময় অনুযায়ী ১৪ থেকে ১৮ মে অনুষ্ঠিত হবে।

আজ রবিবার মাদরাসা শিক্ষা বোর্ড এই নতুন সংশোধিত সময়সূচি প্রকাশ করেছে।

প্রকাশিত সময়সূচিতে শিক্ষার্থীদের বিশেষ নির্দেশনাবলিতে বলা হয়েছে, পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল অথবা রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।

পরীক্ষার্থীরা নিজ নিজ উত্তরপত্রের ওএমআর ফরমে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে।

আরো পড়ুন



মার্চের ১৫ দিনে রেমিট্যান্স ১৬৫ কোটি ডলার

এতে আরো বলা হয়, কোনো অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না, পরীক্ষার্থীকে সৃজনশীল অথবা রচনামূলক (তত্ত্বীয়) বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে, প্রত্যেক পরীক্ষার্থী শুধু রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, কোনো অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না, পরীক্ষার্থীরা পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।